

# ১৫ বছর পর ক্যাম্পাসে চারুকলা ইনসিটিউট

চট্টগ্রাম বৃত্তি

২১ মে ২০২৫, ১২:০০ এএম



## নতুন ধারার দৈনিক আমাদের ময়ো



১৫ বছর পর শিক্ষার্থীদের আন্দোলনের মধ্য দিয়ে মূল ক্যাম্পাসে ফিরছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) চারুকলা ইনসিটিউট। গতকাল মঙ্গলবার থেকে আসবাবপত্র ও উপকরণ ক্যাম্পাসে নেওয়ার কার্যক্রম শুরু হয়েছে। ক্যাম্পাসে ফিরতে পেরে উচ্ছ্বসিত শিক্ষার্থীরাও। আগামীকাল বৃহস্পতিবার থেকে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ক্লাস শুরু হবে বলে জানিয়েছে প্রশাসন।

UNIBOTS

সুত্র জানায়, প্রাথমিকভাবে চারুকলা ইনসিটিউটের ৪১টি কক্ষের আসবাবসহ অন্যান্য জিনিসপত্র মূল ক্যাম্পাসে স্থানান্তর করা হচ্ছে। বাকি ৯টি কক্ষে পরীক্ষা চলমান থাকায় পরবর্তীতে সরানো হবে।

শিক্ষার্থীরা বলছেন, দীর্ঘ প্রতিক্রিয়া পর অবশেষে চারুকলা মূল ক্যাম্পাসে ফিরেছে। এটি আমাদের জন্য এক আনন্দের মুহূর্ত। এই অনুভূতি ভাষায় প্রকাশ করার

মতো নয়। আমাদের যৌক্তিক দাবি আদায়ে কয়েক বছর ধরে আন্দোলন করেছি। অবশেষে সেই দাবির বাস্তবায়ন দেখতে পাচ্ছি। আমরা বর্তমান প্রশাসনের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

চারুকলা ইনসিটিউটের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সোহেল রাণা বলেন, আমাদের এই আন্দোলন এক-দুই দিনের নয়। দীর্ঘ আড়াই বছর ধরে আমরা এই আন্দোলনে যুক্ত। এর পেছনে রয়েছে আমাদের অসংখ্য শিক্ষার্থীর ত্যাগ ও সংগ্রাম। সেশনজটের আশঙ্কা উপেক্ষা করেও অধিকার আদায়ে অবিচল থেকেছি। অবশেষে চারুকলা ক্যাম্পাসে ফিরছে, সবকিছু মিলিয়ে এটি আমাদের জন্য এক অসাধারণ অনুভূতি।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. সাইফুল ইসলাম বলেন, চারুকলা মূল ক্যাম্পাসে ফিরিয়ে আনার কার্যক্রম শুরু হয়েছে। মঙ্গলবার তিন ট্রাক সরাঙ্গম শহর থেকে ক্যাম্পাসে এসেছে।

উল্লেখ্য, গত ২২ এপ্রিল চারুকলা ইনসিটিউটকে মূল ক্যাম্পাসে ফিরিয়ে নেওয়ার দাবিতে আমরণ অনশনে বসেন শিক্ষার্থীরা। পরদিন অনুষ্ঠিত ৫৬১তম সিভিকেট সভায় চারুকলা ইনসিটিউটকে মূল ক্যাম্পাসে ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

চট্টগ্রাম নগরীর বাদশা মিয়া সড়কে ‘চট্টগ্রাম চারুকলা কলেজকে’ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চারুকলা বিভাগের সঙ্গে সংযুক্ত করে ২০১০ সালে চারুকলা ইনসিটিউট করা হয়। এরপর থেকে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাস থেকে ২২ কিলোমিটার দূরে নগরীতে ইনসিটিউটের কার্যক্রম পরিচালিত হয়ে আসছিল। ২০২২ সাল থেকে শিক্ষার্থীরা মূল ক্যাম্পাসে ফিরে যাওয়ার জন্য আন্দোলন শুরু করেন।